

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৫.২০১৬- ২৬৮

তারিখ- ২৭.১০.১৬


আদেশ

যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, সারিয়াকান্দি, বগুড়া-এর বিরুদ্ধে জনৈক মোঃ হাফিজুর রহমান সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-১, বগুড়ায় দণ্ডবিধির ৪২০ ধারায় সি,আর মামলা নং-৪৪/২০১১(ধুনট) দায়ের করেন। সুনানীঅন্তে উক্ত মামলায় গত ১৬-০৬-২০১৬ খ্রিঃ তারিখে বিজ্ঞ আদালত নিম্নোক্ত আদেশ প্রদান করেন :

“দণ্ডবিধির ৪২০ ধারায়(প্রতারণা) অপরাধের অভিযোগ প্রমানিত হওয়ায় তাকে ০১(এক) বছরের সশ্রম কারাদণ্ড এবং ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা অনাদায়ে আরো ০১(এক) মাসের বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়। ইতোপূর্বে অত্র মামলায় হাজতবাস করে থাকলে উক্ত হাজতকাল সাজার মেয়াদ হতে বাদ যাবে। উপস্থিত আসামি জনাব মোঃ মনিরুল ইসলাম-এর বিরুদ্ধে সাজা পরোয়ানা ইস্যু করা হয় এবং সাজা ১৬-৬-২০১৬ খ্রিঃ তারিখ হতেই আরম্ভ হবে”।

যেহেতু, গণকর্মচারী(সাজাপ্রাপ্তিতে বরখাস্ত) অধ্যাদেশ, ১৯৮৫ এর ০৩ বিধিতে আদালত কর্তৃক রায় বা সাজার আদেশ ঘোষণার তারিখ হতে তাৎক্ষণিকভাবে চাকরি হতে বরখাস্তকরণের নির্দেশনা রয়েছে;


সেহেতু, এক্ষণে জনাব মোঃ মনিরুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, সারিয়াকান্দি, বগুড়া-কে বিজ্ঞ আদালত কর্তৃক আদেশ প্রদানের তারিখ ১৬-০৬-২০১৬ খ্রিঃ হতে জুতাপেক্ষভাবে সরকারী চাকুরী হতে বরখাস্ত(Dismissal from Service) করা হলো।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখ- ২৭.১০.১৬

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৫.২০১৬- ২৬৮

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট সাবেক অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সারিয়াকান্দি, বগুড়া।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সারিয়াকান্দি, বগুড়া। পত্রটি সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করতে অনুরোধ করা হলো।
- ✓ ০৮। জনাব মোঃ মনিরুল ইসলাম, সাবেক অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, সারিয়াকান্দি, বগুড়া
- ০৯। অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক (শৃংখলা)
ফোন : ৯৫৫১৮৫৯